



Directors' Report

for the Year Ended 30 June 2022

DEAR SHAREHOLDERS, ASSALAMUALAIKUM:

On behalf of the Board of Directors and on my own behalf I take the privilege to welcome you all at the 27th Annual General Meeting of Fu-Wang Ceramic Industry Limited and present before you a summarized performance of the Company together with the Audited Accounts and Financial Statements for the year ended 30 June 2022 and the Auditor's Report thereon.

COMPANY'S PERFORMANCE AND FINANCIAL RESULT:

The Government has relaxed a little bit the embargo on extracting clay from our leasehold mine. We are expecting that as we have fulfilled DoE's prerequisite about submission of Environmental Management Plan (EMP), GOB will resolve the issue at the earliest. However, as per Hon'ble High Court's order, we are extracting clay from our own mine.

The reporting year profitability of the company has declined compared to last year by 8.50% despite of increased in sales by 9.83% due to increase in cost of sold and financial expenses by 10.55% and 12.63% respectfully in the current financial year. The Company has posted a net profit before tax amounting to Taka 4,42,75,770.00 in the year ended 30 June 2022 which has decreased by around 8.50% compared to immediate preceding year's net profit before tax amounting to Taka 4,83,88,653.00.

During this period Company launched 51 (Fifty One) new design of tiles including 20 (Twenty) Ceramic Wall tiles, 15 (Fifteen) White body wall tiles, 16 (Sixteen) White body punch wall tiles.

পরিচালনা পর্ষদের প্রতিবেদন

সমাপ্ত অর্থবছর ৩০ জুন ২০২২

প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ, আসসালামু আলাইকুম:

ফু-ওয়াং সিরামিক ইন্ডাস্ট্রি লিমিটেড-এর ২৭তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে স্বাগত জানানোর সুযোগ পেয়ে আমি অত্যন্ত আনন্দিত বোধ করছি এবং সেইসাথে আমি ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত বছরের উল্লেখযোগ্য কার্যক্রমের সারসংক্ষেপ, বার্ষিক নিরীক্ষিত হিসাব ও আর্থিক বিবরণী উপস্থাপন করছি।

প্রতিষ্ঠানের কার্যক্রম এবং আর্থিক ফলাফল:

আমাদের ইজারাকৃত খনি থেকে মাটি আহরণের উপর নিষেধাজ্ঞা সরকার কিছুটা শিথিল করেছেন। আমরা আশা করছি যে, যেহেতু পরিবেশ অধিদপ্তরের “পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা” জমা দেওয়ার পূর্বাবশ্যক শর্তাবলী পূরণ করেছি, বাংলাদেশ সরকার খুব শীঘ্রই বিষয়টি সমাধান করবেন। যাহোক, মাননীয় উচ্চ আদালতের আদেশ অনুযায়ী আমরা আমাদের নিজস্ব খনি থেকে মাটি আহরণ করছি।

গত বছরের তুলনায় বিক্রয় ৯.৮৩% বৃদ্ধি পাওয়া স্বত্ত্বেও বিক্রিত পণ্যের খরচ ১০.৫৫% এবং আর্থিক খরচ ১২.৬৩% বৃদ্ধি পাওয়ায় কোম্পানীর মুনাফা ৮.৫০% কমে গেছে। ৩০ জুন ২০২২ সমাপ্ত অর্থ বছরে কর পরিশোধের পূর্বে কোম্পানির কর পূর্ববর্তী নীট মুনাফা দাঁড়িয়েছে ৪,৪২,৭৫,৭৭০.০০ যা পূর্ববর্তী বছরের কর পূর্ববর্তী নীট মুনাফা ৪,৮৩,৮৮,৬৫৩.০০ এর তুলনায় প্রায় ৮.৫০% কম।

এই সময়ের মধ্যে কোম্পানি ৫১টি (একান্ন) নতুন ডিজাইনের টাইলস উদ্ভাবন করেছে, যার মধ্যে ২০টি (বিশ) সিরামিক ওয়াল টাইলস, ১৫টি (পনের) হোয়াইট বডি ওয়াল টাইলস (পিকাসো), ১৬টি (ষোল) হোয়াইট বডি পাঞ্চ ওয়াল টাইলস।



We have introduced homogenous tiles in March 2015 and we are producing best quality tiles in terms of size, less water absorption, thickness and hardness. Therefore, it's become popular to the customers and demand is increasing.

DIVIDEND:

During the year company invested Tk. 10.18 crore in the Fixed Assets. Out of which around Tk. 1.24 crore invested from company's own source.

Considering the company's financial capability, the Board has opted recommending @2% cash dividend for the Y2021-2022 to all the shareholders other than Sponsors/Directors to be distributed subject to approval of the shareholders at the 27th Annual General Meeting. The Sponsors/Directors are holding 4,08,76,546 ordinary shares of Tk. 10/- each out of total 13,62,69,093 ordinary shares. The cash dividend to be payable to the public shareholders Tk. 1,90,78,509.00 for their holding 9,53,92,547 ordinary shares.

Qualified Opinion:

Refer to Note No. 06: The auditors could not verify Inventories of Tk. 183,46,95,807.00 due to lac of proper schedule/documents/reports and haphazard position of inventories as on 30 June 2022

Refer to Note No. 24, 24.01.01 & 24.02.01: Raw Materials, Spare Parts and Packing Materials of Tk. 77,93,84,748.00, Tk. 4,52,00,513.00 and Tk. 3,98,99,796.00 respectively

Explanation of Board:

On 26 October, 2022 we informed to the Bangladesh Securities and Exchange Commission that due to electric short circuit we have lost entire accounting system of the company and for the reason, we applied to BSEC for allow us more 20 days time for completing the audit of the Financial Statements for the year 30 June 2022.

আমরা হোমোজেনিয়াস টাইলস মার্চ ২০১৫ হতে প্রবর্তন করি এবং আমরা আকার অনুযায়ী কম জল শোষণকারী, পুরু ও মজবুত সর্বোৎকৃষ্ট মানের টাইলস উৎপাদন করছি। ফলে, গ্রাহকদের কাছে এর জনপ্রিয়তা ও চাহিদা বাড়ছে।

লভ্যাংশ:

আলোচ্য অর্থবছরের কোম্পানী ১০.১৮ কোটি টাকা স্থায়ী সম্পদ সংযোজন করেছেন। তার মধ্যে প্রায় ১.২৪ কোটি টাকা কোম্পানী তার নিজস্ব তহবিল থেকে বিনিয়োগ করেছেন।

কোম্পানীর আর্থিক সক্ষমতা বিবেচনা করে পরিচালনা পরিষদ ২০২১-২২ অর্থবছরে উদ্যোক্তা/পরিচালক ব্যতীত সকল শেয়ারহোল্ডারদের জন্য ২% নগদ লভ্যাংশ প্রদানের জন্য ঘোষণা করেন, যা আগামী ২৭তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে বিতরণের সুপারিশ করেন। মোট ১৩,৬২,৬৯,০৯৩ পরিশোধিত শেয়ারের মধ্যে উদ্যোক্তা/পরিচালকদের কাছে ৪,০৮,৭৬,৫৪৬টি সাধারণ শেয়ার রয়েছে। পাবলিক শেয়ারহোল্ডারদের ধারণকৃত ৯,৫৩,৯২,৫৪৭টি সাধারণ শেয়ারের জন্য ১,৯০,৭৮,৫০৯.০০ টাকার লভ্যাংশ প্রদান করা হবে।

শর্তমুক্ত মতামত

নোট নং ০৬: নিরীক্ষকগণ যথাযথ ডকুমেন্টস/রিপোর্ট না পাওয়ার কারনে ১৮৩,৪৬,৯৫,৮০৭.০০ টাকার ইনভেন্টরিজ যাচাই করিতে পারে নি।

নোট নং ২৪, ২৪.০১.০১ এবং ২৪.০২.০১: কাঁচামাল, খুচরা যন্ত্রাংশ এবং প্যাকিং উপকরণ ক্রয় বাবদ যথাক্রমে টাকা ৭৭৯৩৮৪৭৪৮.০০, ৪৫২০০৫১৩.০০ এবং ৩৯৮৯৯৭৯৬.০০ টাকা যথাযথ ডকুমেন্টস না থাকায় যাচাই করা যায় নি।

ব্যাখ্যাঃ

২৬শে অক্টোবর ২০২২ইং তারিখে আমরা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনকে জানিয়েছিলাম যে, বৈদ্যুতিক শর্ট সার্কিটের কারনে আমার একাউন্টিং সিস্টেম সম্পূর্ণরূপে অকার্যকর হয়ে গিয়েছিল। তাই ৩০শে জুন ২০২২ইং তারিখে সমাপ্ত অর্থ বছরের হিসাব নিরীক্ষা কার্যক্রম সম্পূর্ণ করার জন্য কমিশনের কাছে অতিরিক্ত ২০ দিন সময় চেয়েছিলাম।



Due to above reason we could not properly submit the all documents in time as required by Auditors.

Refer to Note No. 10.02: Cash at Bank reported in the statements of financial position of Tk. 45,77,403.00 with twenty-one bank account from which two bank statements containing balance of Tk. 47,475 were not available for verification.

Explanation of Board:

Taka 47,475.00 in NCC Bank Ltd., Gulshan Branch and Tk. 0.00 in BRAC Bank Ltd. Graphix BLDG Branch out of Tk. 47,475.00. Due to non-transactions in the two-bank accounts for a long time, the two accounts became dormant due to which we could not collect the bank statements.

Refer to Note No. 07: An amount of Tk. 1,33,31,551.00 receivable from Hua-Thai Ceramic Industry Ltd. including a Trade and Other Receivable of Tk. 6,79,92,411.00 carried forwarded since long. However, the company did not create any provision in this regard as required by IAS 37.

Explanation of Board:

Next year we will take necessary action as per IAS 37.

RETIRE, ELECT AND RATIFICATION OF THE APPOINTMENT OF DIRECTORS:

As per article 126 of the Articles of Association Mrs. Hasna Opgenhaffen and Mr. Javed Opgenhaffen both Directors, will be retiring from the Board at the 27th Annual General Meeting and being eligible offered themselves for re-election subject to approval of the shareholders at the 27th Annual General Meeting.

Mr. Omar Sharif, representative of Opgenhaffen Holdings Ltd. appointed as Nominee Director of the board in a board meeting held on 31 May 2022

Mr. Sayeed Rezaraj Ahmmad, representative of NJ Holdings Ltd. appointed as Nominee Director of the board in a board meeting held on 20 June 2022.

উপরোক্ত কারনে আমরা অডিটরদের চাহিদা অনুযায়ী সময়মত সমস্ত ডকুমেন্টস সরবরাহ করিতে পারিনি।

নোট নং ১০.০২: আর্থিক বিবরণীতে ২১টি ব্যাংক হিসাবে ৪৫,৭৭,৪০৩.০০ টাকা দেখানো আছে যার মধ্যে ২টি ব্যাংক হিসাবে ৪৭,৪৭৫.০০ টাকা যাহা যথাযথ ব্যাংক স্টেটমেন্ট না থাকায় যাচাই করা যায় নি।

ব্যাখ্যা:

ব্যাংকে নগদ ৪৭,৪৭৫.০০ টাকার মধ্যে এনসিসি ব্যাংক লিঃ, গুলশান শাখায় ৪৭,৪৭৫.০০ টাকা এবং ব্র্যাক ব্যাংক লিঃ গ্রাফিক্স বিল্ডিং শাখায় ০.০০ টাকা। দীর্ঘদিন ব্যাংক হিসাব দুটিতে লেনদেন না করায় হিসাব দুটি ডরমেন্ট হয়ে যাওয়ায় ব্যাংক স্টেটমেন্ট আনা যায়নি।

নোট নং ০৭: বানিজ্যিক এবং অন্যান্য পাওনার ৬,৭৯,৯২,৪১১.০০ টাকার মধ্যে ছয়া থাই সিরামিক ইন্ডাস্ট্রি লিঃ হতে প্রাপ্য ১,৩৩,৩১,৫৫১.০০ টাকা অনেক দিন ধরে কেরি ফরওয়ার্ড হয়ে আসছে। এই ব্যাপারে কোম্পানী আইএএস ৩৭ মোতাবেক কোন প্রভিশন করে নি।

ব্যাখ্যা:

পরবর্তী বৎসর আমরা আইএএস ৩৭ অনুযায়ী ব্যবস্থা নিব।

অবসর গ্রহণ, মনোনয়ন ও নতুন পরিচালকবৃন্দের নিয়োগ অনুমোদন:

কোম্পানির সংঘ বিধির ১২৬ ধারা অনুযায়ী জনাবা হাসনা অপগেন হেপেন এবং জনাব জাভেদ অপগেনহেপেন উভয় পরিচালক অত্র ২৭তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় প্রত্যেকেই পুনঃনির্বাচনের জন্য ইচ্ছা প্রকাশ করেছেন, যা ২৭তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন।

অপগেনহেপেন হোল্ডিংস লিঃ এর প্রতিনিধি জনাব ওমর শরিফ ৩১ মে ২০২২ইং তারিখের বোর্ড সভায় মনোনীত পরিচালক হিসাবে নিয়োগ প্রাপ্ত হয়।

এনজে হোল্ডিংস লিমিটেড এর প্রতিনিধি জনাব সৈয়দ রেজারাজ আহমেদ ২০ জুন ২০২২ইং তারিখের বোর্ড সভায় মনোনীত পরিচালক হিসাবে নিয়োগ প্রাপ্ত হয়।



Mr. Sadad Rahman, representative of Fu-Wang Trading Ltd. appointed as Nominee Director of the board in a board meeting held on 31 August 2022.

The appointment of the above three directors are required to ratify by the shareholder in the 27th Annual General Meeting.

APPOINTMENT OF AUDITORS:

The existing MABS & J Partners, Chartered Accountants, SMC Tower (7th Floor) 33, Banani C/A, Road No. 17, Dhaka-1213 will be retiring at 27th Annual General Meeting, being eligible offered themselves for re-appointment for the next term.

The Board of Directors in its meeting held on 17 November 2022 recommended to appoint BSEC's panel auditor MABS & J Partners, Chartered Accountants, SMC Tower (7th Floor) 33, Banani C/A, Road No. 17, Dhaka as statutory auditor of the Company for the year 2022-2023 subject to approval of the shareholders at the 27th Annual General Meeting.

The Board also recommended to appoint Atik Khaled Chowdhury, Chartered Accountants, Hasan Court (1st floor), 23/1, Motijheel C/A, Dhaka-1000 as compliance auditor of the company for the year 2022-2023 subject to approval of the shareholders at the 27th Annual General Meeting.

The Board also recommended to appoint Atik Khaled Chowdhury, Chartered Accountants, Hasan Court (1st floor), 23/1, Motijheel C/A, Dhaka-1000 as scrutinize auditor of the company for the year 2022-2023 subject to approval of the shareholders at the 27th Annual General Meeting.

OTHERS:

(a) Implementation of ETP

In compliance with DoE, the Company has implemented ETP (Effluent Treatment Plant) in the factory through H.M. Enviro Care which became operational effecting March 29, 2011. Accordingly DOE has provided

ফু-ওয়াং ট্রেডিং লিঃ এর প্রতিনিধি জনাব সাদাদ রহমান ৩১ আগস্ট ২০২২ইং তারিখের বোর্ড সভায় মনোনীত পরিচালক হিসাবে নিয়োগ প্রাপ্ত হয়।

উপরোক্ত তিনজন পরিচালকের নিয়োগের জন্য ২৭তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন প্রয়োজন।

নিরীক্ষক নিয়োগ:

কোম্পানীর বর্তমান নিরীক্ষক ম্যাবস এন্ড জে পার্টনার্স, চার্টার্ড একাউন্টেন্টস, এসএমসি টাওয়ার (৮তম তলা) ৩৩, বনানী বা/এ, রোড নং ১৭, ঢাকা ২৭তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় পরবর্তী বছরের জন্য পুনর্নিয়োগের প্রস্তাব করেছেন।

১৭ নভেম্বর ২০২২ইং তারিখের পরিচালনা পর্ষদের সভায় সকলের অনুমোদন সাপেক্ষে বিএসইসি'র প্যানেলভুক্ত নিরীক্ষক ম্যাবস এন্ড জে পার্টনার্স, চার্টার্ড একাউন্টেন্টস, এসএমসি টাওয়ার (৮ তলা) ৩৩, বনানী বা/এ, রোড নং ১৭, ঢাকা-১২১৩-কে কোম্পানীর নিরীক্ষক হিসেবে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য অনুমোদন করা হয়, যা ২৭তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন।

এছাড়াও বোর্ড আতিক খালেদ চৌধুরী, চার্টার্ড একাউন্টেন্টস, হাসান কোর্ট (২য় তলা), ২৩/১, মতিঝিল, ঢাকা-১০০০-কে কোম্পানির কমপ্লায়েন্স নিরীক্ষক হিসেবে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নিয়োগের প্রস্তাব করেছেন, যা ২৭তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন।

এছাড়াও বোর্ড আতিক খালেদ চৌধুরী, চার্টার্ড একাউন্টেন্টস, হাসান কোর্ট (২য় তলা), ২৩/১, মতিঝিল, ঢাকা-১০০০-কে কোম্পানির স্ক্রুটিনাইজ অডিটর হিসেবে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নিয়োগের প্রস্তাব করেছেন, যা ২৭তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন।

অন্যান্য:

ক) ইটিপি বাস্তবায়ন

পরিবেশ অধিদপ্তরের নীতিমালা অনুযায়ী বিগত ২৯ মার্চ ২০১১ সাল হতে এইচ.এম. ইনভাইরো কেয়ারের মাধ্যমে কোম্পানি ফ্যাক্টরীতে ইটিপি ব্যবস্থা চালু করেছে। সে অনুযায়ী ২১ অক্টোবর ২০১৩ পর্যন্ত পরিবেশ



Environmental Clearance Certificate for a period up to October 21, 2013. Against our application for renewal, DOE has renewed Environmental Clearance Certificate for the period up to 21 October 2023.

(b) Credit Rating of the Company

The Company has engaged Credit Rating Agency of Bangladesh Limited for rating the Company. Accordingly CRAB has awarded Long Term rating of A₃ which will remain valid up to 28 February 2023.

REPORTING AND COMPLIANCE OF CORPORATE GOVERNANCE:

Pursuance to the provisions of BSEC Notification No. BSEC/CMRRD/2006-158/207/Admin/80, Dated: 03 June 2018, the Board of Directors has appointed Atik Khaled Chowdhury, Chartered Accountants regarding compliance of conditions of Corporate Governance Guidelines of BSEC for the financial year 2021-2022. The Corporate Governance Compliance Audit Report is annexed herewith as Annexure-B. The report does not contain any qualification, reservation or adverse remark.

APPRECIATION:

I would like to thank all our valued shareholders, patrons, well-wishers and all employees for their continued support and sincere efforts towards the growth of the Company.

On behalf of the Board

Hasna Opgen Haffen
Chairman

Javed Opgenhaffen
Managing Director

অধিদপ্তর পরিবেশগত ছাড়পত্র প্রদান করেছেন। আমাদের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিবেশ অধিদপ্তর আগামী ২১ অক্টোবর ২০২৩ পর্যন্ত উক্ত ছাড়পত্র নবায়ন করেছেন।

খ) প্রতিষ্ঠানের ক্রেডিট রেটিং

কোম্পানির ক্রেডিট রেটিং-এর জন্য ‘ক্রেডিট রেটিং এজেন্সী অব বাংলাদেশ লিমিটেড’ কে সম্পৃক্ত করা হয়। সে অনুযায়ী ক্রেব কর্তৃক ২৮ ফেব্রুয়ারী ২০২৩ পর্যন্ত মেয়াদের জন্য কোম্পানিকে দীর্ঘ মেয়াদী এ_৩ রেটিং এ ভূষিত করা হয়েছে।

প্রতিবেদন এবং কর্পোরেট গভর্নেন্স এর সম্মতি:

বিএসইসি’র প্রজ্ঞাপন # বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখ ০৩ জুন ২০১৮- অনুসারে আতিক খালেদ চৌধুরী, চার্টার্ড একাউন্ট্যান্টস’কে বিএসইসি’র নিয়ম অনুসারে ২০২১-২০২২ কমপ্লায়েন্স অডিটর হিসেবে নিযুক্ত করা হয়েছে। উক্ত কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স অডিট রিপোর্ট সংযুক্তি-বি তে সংযুক্ত আছে। উক্ত রিপোর্টে কোন প্রকার বিচ্যুতি, আপত্তি বা প্রতিকূল মন্তব্য নেই।

কৃতজ্ঞতা:

পরিচালক পর্ষদের পক্ষ থেকে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ও সকল শুভানুধ্যায়ী এবং কর্মচারীবৃন্দকে তাদের অব্যাহত সমর্থন ও কোম্পানির উন্নয়নে সহায়তা দানের জন্য আন্তরিক ধন্যবাদ।

পরিচালক পর্ষদের পক্ষে

হাসনা অপগেন হেপেন
চেয়ারম্যান

জাবেদ অপগেনহেপেন
ব্যবস্থাপনা পরিচালক